

মায়ের ছেলে খোকা র জন্মদিনে।

বঙ্গবন্দু বাংলাদেশ .১৭ইমার্চ ১৯২০-২০০৮ ।

জলাভূমির ছোট্ট পাড়াগাও টুঙ্গীপাড়া নামে ।  
মায়ের ছেলে খোকা, আসল মোদের ধামে ।  
কামাড় কুমার ,ছাত্র শ্রমিক, খুশিতে গায় গান ।  
বঙ্গকোলে এলো শুন ,শেখ মুজিবর রহমান ।  
মাঠে! মাঠে! রবে ,পরলো যে হৈ চৈ !  
বাঙালীজাতি খুঁজে তাকে মোদের নেতা কৈ !  
দূর্জয় দুর্ভেদ্য মানব এগিয়ে এলো ডাকে ।  
আশার আলো দেখল জাতি খুঁজে পেয়ে তাকে ।  
২৩ বছর সংগ্রাম করে ১২ বছর জেলে।  
সিংহ পুরুষ মুজিব শেষে সুধীনতার ডাক দিলে ।  
নিরস্ত্র থেকে সশস্ত্র হলো তোমার বাঙালীজাতি।  
স্বাধীনতা অর্জনে তাই যুদ্ধে ওঠলো মাতি।  
পাকিস্তানি হায়ানদের হল পরাজয়।  
তোমার খ্যাতি ছড়িয়ে পরে সাড়া বিশ্বায়।  
বঙ্গবন্দু বাংলাদেশ এক মায়ের সন্তান ।  
চীরঞ্জীব তাইতো তুমি ,শেখ মুজিবর রহমান ।  
মৃত্যুকে জয় করে যে মৃত্যুঞ্জয়ী প্রাণ ।  
সর্বকালের শ্রেষ্ঠ তুমি বাংলার সন্তান।  
তোমার ডাকে জেগেছে জাতি এসেছে স্বাধীনতা।  
দেশ তোমার, তুমি দেশের তাইতো জাতিরপিতা।

হারুন রশীদ আজাদ ।সিডনী ১৭ই মার্চ ২০০৮  
azad@banglamedia.net